# Bangladesh Festival of Sydney Inc

Reg No. INC 1400465, ABN No. 89678709604

বসন্ত মেলা

# ৩রা অক্টোবর শনিবার, কোগরা'র জুবিলি ওভাল

বাংলাদেশ  ফেস্টিভ্যাল অফ সিডনী ইনক এর কার্যকরী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩রা অক্টোবর শনিবার বসন্ত মেলা সিডনী' ২০১৫ দিন ধার্য করা হয়েছে। প্রতিবারের মত এবারেও আন্তর্জাতিক ভেন্যু কোগরা'র জুবিলি ওভাল এ সারাদিন ব্যপি এই মেলা চলবে। আয়োজনে সবকিছুর পাশাপাশি নতুন কিছু আকর্ষণের কথা ভাবছেন আয়োজকরা। অস্ট্রেলিয়া'র স্থানীয় বসন্তকে স্বাগত জানাতে এবং মাল্টি কালচারাল অস্ট্রেলিয়া গড়ে তুলতে এই মেলার আয়োজন অত্যান্ত  গুরুত্বপূর্ণ।

ফেস্টিভ্যাল এর সভাপতি জনাব শহীদুজ্জামান আলো'র সভাপতিত্বে কমিটির সন্মানিত সভ্যবৃন্দের  সর্ব সম্মতিতে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভাতে বিগত বছর গুলোর মেলার সন্তোষ জনক সাফল্য এর জন্য সংশ্লিষ্ট সকলকে এবং মেলাতে আগত দর্শনার্থীদের আন্তরিক শুভেচ্ছা এবং ধন্যবাদ জ্ঞাপন করা হয়।  দর্শনার্থীদের পছন্দ-অপছন্দের বিষয় গুলো অত্যন্ত গুরুত্ব সহকারে আলোচনাতে উঠে আসে।

আয়োজকরা এবারের ২০১৫ বসন্ত মেলা যাতে করে গত বছরের চাইতেও অনেকাংশে আনন্দঘন,  উপভোগ্য এবং আড়ম্বরপূর্ণ হয় সেদিকে যথেষ্ট নযর রাখার উপর জোড় গুরুত্ব দিয়েছেন। গত বারের চাইতে পার্কিং এর ব্যবস্থা বাড়ানো, ষ্টেজ পারফর্মেন্স কে আরও আকর্ষণীয় করে তোলা, স্টল হোল্ডারদের আরও সুযোগ-সুবিধা বাড়ানো, মহিলা- পুরুষ দের নামাজের রুমগুলোকে আরও কাছাকাছি দেয়া, সাউন্ড এবং লাইট কে আরও উন্নত করে একটি বসন্ত পরিবেশের সৃষ্টি করতেই
আয়োজকরা অত্যান্ত ব্যস্ত দিন কাটাচ্ছেন।

আয়োজকরা জানান, এবারের মেলার দিনটিতে যাতে একটু উষ্ণ আবহাওয়ার থাকে সে কথাটিকে গুরুত্ব দিয়েই অক্টোবর মাসে দিনটি নির্ধারণ করা হয়েছে। অস্ট্রেলিয়া প্রবাসী সকল বাংলাদেশীকে এই মেলাতে আসার জন্য আমন্ত্রন জানিয়েছেন কমিটির পক্ষ থেকে। সভাতে উপস্থিত ছিলেন, সহ- সভাপতি ছামসুজ্জোহা স্বপন, সাধারণ সম্পাদক আফসানা বিলকিস,  কোষাধ্যক্ষ্য আবু হাসানাত, এক্সিকিউটিভ মেম্বার জামাল আহমেদ, মোহাম্মদ ফারুক ও সোহেলুর  রহমান, আঞ্জুমান আরা জামান, রাজেবা জোহা, বৈশাখী হাসানাত, জেসমিন আহমেদ, সাইজা ফারুক ও আরও অনেকে।

Postal address: PO Box 706 Kogarah NSW 2217 Australia
Contact no. 0470 595 455, 0403112456
Email: info@bdfs.org.au